দৈনিক সংবাদ

7

তারিখ 28 JUL 1996
পৃষ্ঠা 2 কলাম 8

### গাজীপুরে সেমিনারে আহমদুল কবির

# প্রকৃত শিক্ষকদের সঠিক শিক্ষাই স্বচ্ছ সমাজ গড়ে তুলতে পারে

গাজীপুর, ২৭শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– 'সংবাদ' সম্পাদক আহমদুল কবির বলেছেন, শিক্ষা মানুষের মৌলিক অধিকার। এই অধিকার নিশ্চিত করার দায়িত্ব সরকারের, কিন্তু শিক্ষা দেবার দায়িত্ব শিক্ষকদের ওপর ছেড়ে দেয়া উচিত। যারা প্রকৃত শিক্ষক তারা যদি সঠিক শিক্ষা দেন তাহলে স্বচ্ছ সমাজ গড়ে উঠবে। কারণ সমাজ গঠনে শিক্ষকরাই সর্বাধিক ভূমিকা পালন করতে পারেন।

'সংবাদ' সম্পাদক আহমদুল কবির আজ শনিবার সকালে জেলা প্রশাসন মিলনায়তনে গাজীপুর জেলা প্রশাসন আয়োজিত 'সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন নিশ্চিতকরণ ও শিক্ষার মান উন্নয়নে পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধের অপরিহার্যতা ও উপায়' শীর্ষক দিনব্যাপী এক সেমিনারে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। 'সংবাদ' সম্পাদক বলেন, শিক্ষা সঠিক হলে সন্ত্রাস কমবে এটা ঠিক। তবে বড় কথা হল দেশ সন্ত্রাসমুক্ত হবে তখনই যখন দেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হবে। আর এ জন্য দরকার অর্থনৈতিক বৈষম্য দূর করা। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংসদ থাকতে পারে তবে সংসদ শুধুমাত্র ছাত্রদের বিষয় নিয়ে তাদের কার্যক্রম চালাবে। ছাত্র রাজনীতির ব্যাপারে রাজনীতিবিদদের দায়িত্ব নিয়ে তাদের সঠিক রাজনীতিতে সম্পৃক্ত করতে হবে। তিনি বলেন, নকলপ্রবণতা বর্তমানে একটি সামাজিক ব্যাধি হিসেবে দেখা দিয়েছে, আর শিক্ষাঙ্গনে সন্ত্রাস দেশকে চরম নৈরাশ্যের দিকে ঠেলে দিচ্ছে। এর কারণ হচ্ছে মূল্যবোধের অবক্ষয়। এ জন্যে শুধুমাত্র শিক্ষকদের দোষ দিলে চলবে না। তিনি বলেন, মূল্যবোধের অবক্ষয় সর্বক্ষেত্রে ঘটছে। এই যে গোড়ায় গলদ এটা আগে সারাতে হবে। তবেই শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর হবে, নকল প্রবণতামুক্ত শিক্ষাঙ্গন গড়ে উঠবে। তিনি শিক্ষা কাঠামো ও সিলেবাস পরিবর্তনের ওপর জোর দিয়ে বলেন, প্রকৃত শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে পারলেই দেশের সার্বিক উন্নতি–অগ্রগতি সম্ভব হবে।

গাজীপুরের জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলামের সভাপতিত্বে সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংসদ সদস্য মোঃ আহসানউল্লাহ মাস্টার, গাজীপুর পৌরসভার চেয়ারম্যান আ, ক, ম মোজাম্মেল হক, টঙ্গী পৌরসভার চেয়ারম্যান মোঃ আজমত উল্লাহ খান, কাজী আজিমউদ্দিন কলেজের অধ্যক্ষ হাসান ওয়ায়েজ, টঙ্গী সরকারি কলেজের অধ্যক্ষ মোঃ মোজাম্মেল হক, ভাওয়াল সরকারি কলেজের অধ্যক্ষ মোঃ সামসুল হক, প্রধান শিক্ষক অনিল কুমার সরকার, মাদ্রাসা সুপার মোঃ আবদুর রহমান ও সহকারী কমিশনার মোঃ শহীদুল্লাহ ও কুমিল্লা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ১ম স্থান অধিকারী ছাত্র সাদ হাবিব–এ–রাসুল মোল্লা। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন গাজীপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এ, কে, এম আবদুল আউয়াল মজুমদার। সেমিনারে বিভিন্ন শ্রেণী ও পেশার প্রতিনিধিত্বকারী ১৫০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। সেমিনারে অংশগ্রহণকারিগণ প্রতিপাদ্য বিষয়ের ওপর মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মৌলিক ও লিখিত মতামতের ভিত্তিতে সুপারিশমালা প্রণয়ন করা হয়।